

Times Today BD

সিনিয়র রিপোর্টার | গণমাধ্যম | 14 April, 2025

স্বাধীনভাবে নতুন বছরকে স্বাগত জানাতে পারা আল্লাহর অনুগ্রহ বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।

সোমবার (১৪ এপ্রিল) সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে করা এক পোস্টে এ মন্তব্য করেন তিনি।

স্বাধীনভাবে নতুন বছরকে স্বাগত জানাতে পারা আল্লাহর অনুগ্রহ : জামায়াত আমির

পোস্টে তিনি বলেন, শুভ নববর্ষ ১৪৩২! দেশ-বিদেশে অবস্থানরত সকলের প্রতি নববর্ষের প্রাণঢালা শুভেচ্ছা। এই নতুন বছরে মহান রবের কাছে আমি সকলের সুখ, শান্তি, সমৃদ্ধি ও সুস্বাস্থ্য কামনা করছি।

জামায়াতে আমির বলেন,

দল, মত, ধর্ম ও বর্ণ নির্বিশেষে সবাই এখন স্বাধীনভাবে নতুন বছরকে স্বাগত জানাতে পারছে—এটি নিঃসন্দেহে মহান আল্লাহর একটি বিশেষ অনুগ্রহ। এ জন্য আমরা মহান আল্লাহর প্রতি শুকরিয়া আদায় করছি।

ডা. শফিকুর রহমান বলেন, নতুন বছরে একটি নতুন বাংলাদেশ গড়তে—আমাদের তরুণ প্রজন্ম তাদের দায়িত্ববোধ নিয়ে এই দেশকে নতুন উচ্চতায় নিয়ে যাবে এবং মানুষের আশা-আকাঙ্ক্ষা পূরণে অগ্রণী ভূমিকা রাখবে—এটাই আমার দৃঢ় বিশ্বাস।

বাংলাদেশ জামায়াতে ইসলামী ডা. শফিকুর রহমান ফেসবুক স্ট্যাটাস শুভ নববর্ষ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 20:56

URL: <https://timestodaybd.com/media/635921771>